



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।  
www.khdc.gov.bd

উচ্চ শিক্ষাবৃত্তির জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরে উচ্চ শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, কৃষি কলেজ, লেদার টেকনোলজি কলেজ, অন্যান্য কলেজসমূহ এবং মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্নাতক/সমমান, স্নাতকোত্তর/সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ে অধ্যয়নরত খাগড়াছড়ি পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসরত বিভিন্ন সম্প্রদায়ের গরীব/মেধাবী ছাত্র-ছাত্রীদের অনলাইনে শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এ পরিষদের ওয়েবসাইট ([www.khdc.gov.bd](http://www.khdc.gov.bd))-এ ই-সেবা মেনুতে শিক্ষাবৃত্তি অনলাইনে আবেদনের নিয়মাবলী(<http://khdc.gov.bd/Page/read/198>) বাটনে ক্লিক করে এবং তা অনুসরণপূর্বক একই মেনুতে দেয়া "শিক্ষাবৃত্তি অনলাইন আবেদন(<http://khdc.gov.bd/Page/read/120>) বাটনে ক্লিক করে নির্ধারিত ফরমটি যথাযথভাবে পূরণ পূর্বক আবেদন সম্পন্ন করতে হবে। আবেদনকারী কর্তৃক পূরণকৃত তথ্য, আপলোডকৃত ছবি এবং স্বাক্ষরে পরবর্তীতে কোন প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের এসএমএস বা ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে, অতঃপর নির্বাচিত প্রার্থীগণ কর্তৃক বিভাগীয়/ প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আবেদনপত্রের প্রিন্ট কপি খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে দাখিল করতে হবে এবং সকল মূল কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট, বার্ষিক আয়ের সনদ, জাতীয় পরিচয় পত্র ইত্যাদি) প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, অনলাইন ব্যতীত সরাসরি বা ডাকযোগে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ করা হবে না। অনলাইনে আবেদন শুরু তারিখ ২০মে, ২০১৮ এবং আবেদন দাখিলের শেষ তারিখ ১৪ জুন, ২০১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তির অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করার এবং পরিষদের নিয়মানুযায়ী বৃত্তির জন্য প্রার্থী বাছাইয়ের সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

(কংজরী চৌধুরী)

চেয়ারম্যান

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।  
তারিখঃ ১৬ মে, ২০১৮

নং-২৯.২৩৬.০১৮.৩৩.৬৬.০০১.২০১৮- ১৮২

অনুলিপিঃ সদয় অবগতি/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

১. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. জনাব.....
৪. জেলার সকল বিভাগ/দপ্তর প্রধান.....
৫. সম্পাদক, দৈনিক যুগান্তর, ঢাকা/দৈনিক সুপ্রভাত বাংলাদেশ, চট্টগ্রাম/দৈনিক অরণ্য বার্তা, খাগড়াছড়ি। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে একটি সংখ্যায় প্রকাশ করতঃ যথারীতি বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬. আইটি অফিসার, এ পরিষদ। তাঁকে বিজ্ঞপ্তিটি এ পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. জেলা প্রতিনিধি/সাংবাদিক.....
৮. ....